

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠিত অসমীয়া হোসেন যাদিক মিয়া

## নলছিটির দুইটি শিক্ষা প্রতিষ্ঠানে কেউ পাস করেনি

 ১০ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### নলছিটি (ঝালকাঠি) সংবাদদাতা

উপজেলার দুইটি শিক্ষা প্রতিষ্ঠানে একজনও পাস করেনি। গত দশ বছরের মধ্যে সবচেয়ে ফল বিপর্যয় হয়েছে এ বছর। অভিভাবক মহলে চরম হতাশা ও ক্ষেত্র সৃষ্টি হয়েছে। জানা যায়, নলছিটি উপজেলার ইসলামপুর মাধ্যমিক বিদ্যালয় ২৭ জন শিক্ষার্থী এবং ভেরেনবাড়িয়া সদর উদ্দিন বালিকা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। এর মধ্য থেকে একজন শিক্ষার্থীও পাস করেনি। এ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকরা স্কুল কর্তৃপক্ষের উপর চরম ক্ষেত্র প্রকাশ করেন। এ বছর নলছিটি উপজেলায় এসএসসিতে ২৭২৬ জন পরীক্ষার্থীর হুলে ১৭৫২ জন পাস করে। মাদ্রাসায় ৮৯২ জন শিক্ষার্থীর হুলে ৩৯২ জন পাস করে পাসের হার এসএসসিতে ৬৪.২৭ এবং দাখিল ৪৪% শিক্ষার্থী পাস করেছে। পাওতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ফারুক হোসেন জোমাদ্বার জানান, গত দশ বছরের এসএসসি এবং দাখিল পরীক্ষার রেজাল্ট পর্যালোচনা করে দেখা সবচেয়ে এ বছর রেজাল্ট বিপর্যয় হয়েছে। উপজেলা একাডেমি সুপারভাইজার মো. বদরুল আমিন জানান, সারাদেশে পরীক্ষার ফল বিপর্যয় হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. আনোয়ার আজীম জানান, এ বছর পরীক্ষা কড়াকড়ি হওয়ার কারণে ফলাফল বেশি খারাপ হয়েছে। তবে শিক্ষার মান উন্নয়নে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কঠোর নজরদারি করা হচ্ছে।

ভাবপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,  
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত